

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১২৭.১৯.১৩৬

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৬
২৫ জুলাই ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-১২১৬/২০১৯ মামলায় সরকার পক্ষের জবাব দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে টিএমইডিতে তথ্য প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ০৪.০২.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকেমহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব সাইয়েদ সাবের আলী, পিতা: সাইয়েদ মনজুর আলী, কল্যানপুর, ছোট পাইকপাড়া, থানা: মীরপুর, ঢাকা-১২০৭ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১২১৬/২০১৯ মামলা দায়ের করা হয়েছে।

০২. উক্ত মামলার রুল নিশি জারীর আদেশ পর্যালোচনা করে দেখা যায় যে, আবেদনকারী (জনাব সাইয়েদ সাবের আলী) কর্তৃক তার কন্যা সাইয়েদা সাবেকুন নাহার যার (সাবেকুন নাহার) এ্যাডমিট কার্ড সিরিয়াল নং-১৮০০৩৫৬৪৩০ এবং যিনি (সাইয়েদা সাবেকুন) একজন এস.এস.সি (ভোকেশনাল) পরীক্ষার্থী-এর পরীক্ষায় অংশ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবী জানিয়ে সচিব, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপনডেন্ট, কন্ট্রোলার অব এক্সামিনেশন, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডকে ২ নং রেসপনডেন্ট এবং অধ্যক্ষ, শেখ ফজিলাতুননেসা মুজিব মহিলা প্রশিক্ষণ কেন্দ্র, টেকনিক্যাল মোড়, মীরপুর রোড, দারুস সালাম, ঢাকা-১২১৬-কে ৩ নং রেসপনডেন্ট করে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১২১৬/২০১৯ মামলাটি দায়ের করা হয়।

০৩. উক্ত মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ০৪.০২.২০১৯ খ্রি: তারিখে নিম্নরূপ নির্দেশ দেয়া হয়েছে:

“pending hearing of the Rule, respondent No.2 and 3 are directed to allow the candidate named Syeda Sabikun Nahar (Admit Card serial No.1800356430) to sit for the ongoing all S.S.C (Vocational) examinations without any disruption. However, the result of the said examinations of the said candidate shall be published subject to the result of this Rule after disposal of the same on merit.”

০৪. মামলাটিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে এবং রুল নিশির প্রেক্ষিতে কী কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, মামলাটির প্রেক্ষিতে কোন জবাব (*Affidavit in opposition*) মহামান্য হাইকোর্টে দাখিল হয়েছে কী-না এবং মামলাটির সর্বশেষ অবস্থা কী; এ সকল বিষয়ে প্রমাণকসহ তথ্য প্রয়োজন।

০৫. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-১২১৬/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) দাখিলসহ (পূর্বে দাখিল না হয়ে থাকলে) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে চাহিত তথ্য (প্রমাণকসহ) আগামী ৩০.০৮.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২৫-৭-২০১৯

ড. মো: মহাতাব হোসেন

চেয়ারম্যান
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

সংযুক্ত কর্মকর্তা (আইন)

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১২৭.১৯.১৩৬/১(৭)

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৬
২৫ জুলাই ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।



২৫-৭-২০১৯

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)